# আচরণবিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এটা নিশ্চিত করতে প্রতিশ্রুত যে, আমাদের স্কুলগুলো নিশ্চিন্ত নিরাপদ এবং সেখানে শৃঙ্খলাপূর্ণ পরিবেশ বজায় রয়েছে যেখানে শিক্ষার্থীরা তাদের উচ্চ শিক্ষায়তনিক মান পূরণ করতে পারেন, শিক্ষকগণ ঐ মান অর্জনে শিক্ষাদান করতে পারেন, এবং পিতামাতাগণ নিশ্চিত থাকতে পারেন যে, একটি নিরাপদ এবং ইতিবাচক স্কুল পরিবেশে তাদের ছেলেমেয়েরা শিক্ষা লাভ করছে। স্কুল কমিউনিটির সকল সদস্য একজন অপরজনকে পারস্পরিক শ্রদ্ধা প্রদর্শনের প্রচেষ্টার মধ্যে একটি নিরাপদ ও সহায়ক স্কুল গড়ে ওঠা নির্ভর করে।

স্টেটের আইন অনুযায়ী DOE-এর একটি ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা তৈরি করতে হবে যাতে জরুরি অবস্থা মোকাবেলা ও সঙ্কটকালীন হস্তক্ষেপ এবং শিক্ষার্থী পরিচালনার একটি আচরণ বিধি থাকে। এছাড়া, প্রতিটি স্কুলকে অবশ্যই তার বিল্ডিং পর্যায়ে সুরক্ষা পরিকল্পনা তৈরি করতে হবে, যা বিল্ডিংয়ের সুরক্ষা প্রক্রিয়া প্রতিষ্ঠা করে – এর মধ্যে থাকবে দর্শনার্থী নিয়ন্ত্রণ, জরুরি অবস্থার কারণে শিক্ষার্থী অপসারণ এবং অন্য স্কুল-নির্দিষ্ট জরুরি ব্যবস্থা।

আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিমের মতামত এবং সুপারিশের প্রতিফলন করে, যার গঠন নিচে বর্ণিত হলো।

DOE-এর আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশসমূহ নিচে তুলে ধরা হয়েছে। এই ডকুমেন্টের শেষে উল্লেখ করা চ্যান্সেলরের প্রবিধানসমূহ এবং অন্যান্য ডকুমেন্টে আরো তথ্য পাওয়া যাবে।

## 1 - ডিস্ট্রিক্ট-ভিত্তিক স্কুল সুরক্ষা পরিকল্পনা:

নিরাপদ ও সুশৃঙ্খল শিখন পরিবেশ বজায় রাখার জন্য এই পরিকল্পনায় DOE-এর নীতি ও প্রক্রিয়াকে অন্তর্ভুক্ত করা হয়। এই পরিকল্পনায় নীতি ও প্রক্রিয়া অন্তর্ভুক্ত রয়েছে যেসবের জন্য: সহিংসতা অথবা অন্যান্য অপরাধমূলক আচরণ রোধের জন্য ব্যবস্থা নেয়া; পিতামাতাদের সাথে যোগাযোগ করা ও তাদেরকে জানানো এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা ও তাদের জানানো। এই পরিকল্পনায় আরো রয়েছে: সম্ভাব্য সহিংস আচরণ শনাক্ত করার জন্য কৌশল; হস্তক্ষেপ ও প্রতিরোধ কৌশল; শিক্ষার্থীদের নিজেদের মধ্যে এবং শিক্ষার্থী ও স্কুলের স্টাফদের মধ্যে যোগাযোগ উন্নত করার কৌশল; স্কুল সুরক্ষা কর্মীদের ভূমিকা ও দায়িত্ব; স্কুল সুরক্ষা কর্মীদের প্রশিক্ষণ; স্কুল বিল্ডিং-এর নিরাপত্তা ও নিরাপত্তাবিধানকারী যন্ত্রপাতি; জরুরি অবস্থা মোকাবেলার প্রটোকল (নিয়ম-কানুন); স্টাফ ও শিক্ষার্থীদের নিরাপত্তা প্রশিক্ষণ যার মধ্যে রয়েছে জরুরি অবস্থা মোকবেলার নিয়মকানুন প্রশিক্ষণ এবং এসব নিয়মকানুন ও পরিকল্পনার অন্যান্য অংশ পরীক্ষা করার জন্য ড্রিল ও অন্যান্য মহড়া।

DOE একজন চিফ ইমার্জেন্সি অফিসার এবং চিফ ইমার্জেন্সি অফিসারের অনুপস্থিতিতে কাজ করার জন্য একজন ডেপুটিকে নিয়োগ দেয়। চিফ ইমার্জেন্সি অফিসারের দায়িত্ব এসব সমন্বয় করা: স্টাফ এবং আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য ফার্স্ট রেসপন্ডারদের মধ্যে যোগাযোগ; ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার বার্ষিক পর্যালোচনা ও হালনাগাদকরণ; জরুরি সাড়াদান পরিকল্পনাসহ স্কুল সুরক্ষা পরিকল্পনা সম্পূর্ণ করা যা ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার সাথে সমন্বিত ও সামঞ্জস্যপূর্ণ; বিল্ডিং পর্যায়ে নিরাপত্তা ও প্রযুক্তি; স্টাফ ও শিক্ষার্থীদের জন্য নিরাপত্তা, সুরক্ষা ও জরুরি অবস্থার প্রশিক্ষণ; এবং জরুরি সাড়াদান মহড়া।

চিফ ইমার্জেন্সি অফিসার ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিমের সাথে একত্রে ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার বার্ষিক পর্যালোচনা করেন। চিফ ইমার্জেন্সি অফিসার হলেন মার্ক রামপারস্যান্ট (Mark Rampersant)। তার অনুপস্থিতিতে, জে ফিন্ডলিং (Jay Findling) এই ভূমিকা পালন করবেন।

## a) ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিম:

ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিমে DOE-এর বিভিন্ন এজেন্সি ও ডিভিশনের প্রতিনিধি রয়েছে, যার মধ্যে রয়েছে:

- প্যানেল অন এডুকেশনাল পলিসি (PEP)
- ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স (UFT)
- কাউন্সিল অভ সুপারভাইজারস অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটরস (CSA)
- DOE-এর অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট (FACE)
- নিউ ইয়র্ক সিটি ইমারজেন্সি ম্যানেজমেন্ট (NYCEM)
- NYPD - স্কুল সেফটি ডিভিশন (SSD)
- FDNY
- DOE চ্যান্সেলরের অফিস অভ সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশীপস (OSPP)
- DOE-এর অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট (OSYD)
- DOE-এর ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ (DSF)
- DOE-এর অফিস অভ ইমার্জেন্সি প্ল্যানিং অ্যান্ড রেসপন্স
- DOE-এর অফিস অভ স্কুল হেলথ্ (OSH)
- DOE-এর অফিস অভ লিগ্যাল সার্ভিস (OLS)
- DOE' অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশন (OPT)
- NYC ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)

## b) প্রতিক্রিয়ার সাধারণ রীতি-নীতি (GRP):

নিচে উল্লিখিত লকডাউন, অপসারণ, একই অস্থানে থাকা, শেল্টার-ইন (আশ্রয় প্রদান) পরিচালনা হলো জরুরি অবস্থার প্রতিবিধান যা স্কুলসমূহকে অবশ্যই করতে হবে। প্রতিটি প্রতিবিধানের রয়েছে নির্দিষ্ট কর্মী এবং শিক্ষার্থীদের করণীয় যা প্রত্যেকটি অবস্থার ক্ষেত্রে অনন্য। ফার্স্ট রেসপন্ডাররা (প্রথম সাড়াদানকারী) না আসা পর্যন্ত স্কুলগুলো এসব ব্যবস্থা নেয়। তিনটি প্রতিবিধান ব্যবস্থার সবগুলোর জন্যই, অবশ্যই 911 কল করতে হবে। যদি প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি কলটি না করে থাকেন, চ্যান্সেলরের প্রবিধান A-412 অনুযায়ী তাদেরকে অবশ্যই অবিলম্বে কলটি করতে বলতে হবে, যা নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (NYPD) এবং 911-এর সাথে যোগাযোগ সম্পর্কিত নীতি ও প্রক্রিয়া ধার্য করে।

স্কুলের ভিতরে অথবা এর চারপাশের কমিউনিটির মধ্যে উভয় জায়গাতেই ঘটতে পারে এমন বিভিন্ন ধরনের জরুরি অবস্থায় স্কুলগুলোকে সাথে সাথে ও নিরাপদে সাড়া দেয়ার সুযোগ করে দিতে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং NYPD স্কুল সেফটি ডিভিশন এসব প্রতিবিধান ব্যবস্থা (প্রটোকল) তৈরি করেছে। আগুন লাগা, স্কুলের ভিতরে অনুপ্রবেশকারী, স্কুলের ভিতরে সক্রিয় বন্দুকের গুলি বর্ষণকারী অথবা স্কুল বিল্ডিং-এর বাইরে বিপদজনক পরিস্থিতি, এ ধরনের জরুরি অবস্থার জন্য GRP স্কুলগুলোকে প্রস্তুত করে। ফার্স্ট রেসপন্ডাররা (প্রথম সাড়াদানকারী) না আসা পর্যন্ত স্কুলের স্টাফ এবং শিক্ষার্থীরা তাৎক্ষণিকভাবে কীভাবে সাড়া দেবে, এসব প্রতিবিধান ব্যবস্থায় তার রূপরেখা রয়েছে।

সকল জরুরি অবস্থায়, পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকা গুরুত্বপূর্ণ যেন পূর্ণবয়স্ক ব্যক্তি ও শিক্ষার্থীরা নিরাপদ ও সুরক্ষিত থাকতে সবচাইতে ভালো সিদ্ধান্ত নিতে পারেন।

### লকডাউন (সফট্/হার্ড বা মৃদু/কঠোর)

সফট্ (মৃদু) লকডাউন বুঝায় যে সুইপ টিম জন্য শনাক্ত করা আসন্ন বিপদ নেই। সফট্ লকডাউনের সময় প্রশাসনিক টিম, বিল্ডিং রেসপন্স টিম, ও NYPD স্কুল সেফটি এজেন্টগণ (SSA) পরবর্তী নির্দেশনার জন্য নির্দিষ্ট কমান্ড পোস্টে অবস্থান গ্রহণ করবেন।

হার্ড (কঠোর) লকডাউন বলতে বোঝায় যে, আসন্ন বিপদের কথা জানা আছে এবং বিল্ডিংয়ে সুইপ টিম-এর কর্মকাণ্ডে কেউই নিযুক্ত **হবেন না**। একটি চলমান বা সক্রিয় হুমকির ঘটনায় সাড়া দেয়া এর অন্তর্ভুক্ত।

এটা ঘোষণা করা হবে: "সকলের দৃষ্টি আকর্ষণ করছি: আমরা এখন সফট্/হার্ড (মৃদু/কঠোর) লকডাউন-এ আছি। যথাযথ পদক্ষেপ নিন।" (PA সিস্টেমে দুবার বলা হবে।)

SSA-সহ সকল ব্যক্তি লকডাউনের উপযুক্ত পদক্ষেপ নেবেন এবং ফার্স্ট রেসপন্ডার্স (প্রথম সাড়াদানকারী) আগমনের জন্য অপেক্ষা করবেন।

*শিক্ষার্থীরা নিম্নলিখিতগুলোতে প্রশিক্ষিত:*

- দৃষ্টির আড়ালে সরে যাওয়া ও নিরব থাকা।

*শিক্ষকগণ নিম্নলিখিতগুলোতে প্রশিক্ষিত:*

- ক্লাসরুমের বাইরে হলওয়েতে কোনো শিক্ষার্থী আছে কিনা তা দেখা, ক্লাসরুমের দরজা তালাবদ্ধ করা এবং লাইট নিভিয়ে দেয়া।
- দৃষ্টির আড়ালে সরে যাওয়া ও নিরব থাকা।
- দরজা খোলার জন্য প্রথম সাড়াদানকারীর অপেক্ষা করা অথবা "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) মেসেজ-এর অপেক্ষা করা: "The Lockdown has been lifted" (লকডাউন প্রত্যাহার করা হয়েছে) এবং এরপর নির্দিষ্ট নির্দেশনা।
- উপস্থিতি গ্রহণ এবং মেইন অফিসের সাথে যোগাযোগ করে অনুপস্থিত শিক্ষার্থীদের খোঁজ নেয়া।

হার্ড লকডাউনের সময়, ব্যক্তির বিপদ কমানোর জন্য বাড়তি ব্যবস্থা নেয়া প্রয়োজন এমন ঘটনা ঘটতে পারে। কোনো ঘটনার সময় বয়স্ক ব্যক্তি এবং শিক্ষার্থীদরকে সকল লভ্য পন্থা অবলম্বনের বিষয়টিও বিবেচনা করতে হবে। তাদেরকে নিরাপদ থাকার জন্য বিল্ডিং থেকে বের হতে এবং সেখান থেকে নিরাপদে সম্ভব হলে 911-এ যোগাযোগ করতে হতে পারে। একটি তালাবদ্ধ দরজার পিছনে এবং নিরব থাকা নিশ্চিত করতে তাদেরকে লুকিয়ে থাকতে (লকডাউনে থাকতে) হতে পারে অথবা তাদের রুম বা অফিসে কোনো আসন্ন বিপদের ঝুঁকি থাকলে, তাদেরকে আক্রমণকারীর মোকাবেলা করতে হতে পারে।

## অপসারণ

স্টাফ ও শিক্ষার্থীদের জন্য ফায়ার অ্যালার্ম (অগ্নিকান্ডের সতর্কসংকেত) হলো অপসারণ শুরুর প্রাথমিক সতর্কতা। তবে এমনও হতে পারে যখন PA সিস্টেম এবং সুনির্দিষ্ট নির্দেশনা অপসারণ শুরুর সতর্কতা হিসেবে কাজ করে। ঘোষণা শুরু হবে "অ্যাটেনশন" (সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে) বলে এবং এরপর আসবে সুনির্দিষ্ট নির্দেশনা। (PA সিস্টেমে দুবার বলা হবে।)

*শিক্ষার্থীরা নিম্নলিখিতগুলোতে প্রশিক্ষিত:*

- সাথে থাকা জিনিসপত্র রেখে আসা এবং এক সারিতে দাঁড়ানো। শীতের দিন ক্লাসরুম ত্যাগ করার সময় শিক্ষার্থীদের কোট নেয়ার কথা স্মরণ রাখা। ফিজিক্যাল এডুকেশন (শরীরচর্চা শিক্ষার) পোশাক পরা শিক্ষার্থীরা তাদের লকার রুমে ফিরে যাবে না। যেসব শিক্ষার্থীর বাহিরে পড়ার মত উপযুক্ত পোশাক সাথে থাকবে না, তাদেরকে যত দ্রুত সম্ভব একটি উষ্ণ স্থানে নিরাপদে রাখতে হবে।

*শিক্ষকগণ নিম্নলিখিতগুলোতে প্রশিক্ষিত:*

- ইভাক্যুয়েশন (অপসারণ) ফোল্ডার সঙ্গে নেয়া (অ্যাসেমব্লি কার্ডসহ অ্যাটেনডেন্স শিট)।
- শিক্ষার্থীদেরকে ফায়ার ড্রিল পোস্টার অনুযায়ী ইভাক্যুয়েশন-এর (অপসারণের) স্থানে নিয়ে যাওয়া। **সবসময় বাড়তি নির্দেশনা শোনা।**
- উপস্থিতি গ্রহণ করা এবং শিক্ষার্থীদের খোঁজ নেওয়া।
- কেউ আহত, সমস্যাগ্রস্থ, কিংবা কোনো শিক্ষার্থী নিখোঁজ হলে অ্যাসেমব্লি কার্ড ব্যবহার করে স্কুল স্টাফ ও ফার্স্ট রেসপন্ডার (প্রথম সাড়াদানকারী)-দের জানানো।

## শেল্টার ইন

এটা ঘোষণা করা হবে: "সকলের দৃষ্টি আকর্ষণ করছি: এটি একটি শেল্টার-ইন। বাইরে বের হওয়ার সকল দরজা বন্ধ করুন।" (PA সিস্টেমে দুবার বলা হবে।)

*শিক্ষার্থীরা নিম্নলিখিতগুলোতে প্রশিক্ষিত:*

- ভবনের ভেতরে অবস্থান করা।
- নিয়মিত কাজ চালিয়ে যাওয়া।
- নির্দিষ্ট স্টাফের নির্দেশনা অনুসরণ করা।

*শিক্ষকগণ নিম্নলিখিতগুলোতে প্রশিক্ষিত:*

- অবস্থা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- নিয়মিত কাজ চালিয়ে যাওয়া।

"অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা না শোনা পর্যন্ত শেল্টার-ইন বলবৎ থাকবে: “The Shelter-In has been lifted” (শেল্টার-ইন প্রত্যাহার করা হয়েছে) এবং এরপর নির্দিষ্ট নির্দেশনা।

বিল্ডিং রেসপন্স টিম সদস্যগণ, ফ্লোর ওয়ার্ডেনগণ, এবং শেল্টার-ইন স্টাফগণ সকল বহির্গমন পথ বন্ধ করবেন এবং নির্ধারিত নির্দিষ্ট পোস্টে রিপোর্ট করবেন। প্রতিটি বিল্ডিং সেফটি প্ল্যানে-এ সকল স্টাফ এবং তাদের নির্দিষ্ট দায়িত্বের রূপরেখা দেয়া আছে।

### হোল্ড (স্বস্থানে অবস্থান করা):

হোল্ড (স্বস্থানে অবস্থান)-এর সূচনা করা হয় যখন স্কুল ভবনের অভ্যন্তরে এমন কোনো পরিস্থিতির উদ্ভব হয় যাতে সে অবস্থা অবিলম্বে মোকাবিলা করা প্রয়োজন, তখন স্টাফ, শিক্ষার্থী এবং দর্শনার্থীগণ নিজ নিজ অবস্থানে থাকবেন ও "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা না পাওয়া পর্যন্ত নিয়মিত কাজ চালিয়ে যাবেন।

কোনো ঘটনা নিয়ন্ত্রণ করতে বা স্কুল কমিউনিটিকে বিপদগ্রস্ত হওয়া থেকে রক্ষা করতে বা ফার্স্ট রেসপন্ডারদের (প্রথম সাড়াদানকারী) নির্দেশনা অনুযায়ী হোল্ড (স্বস্থানে অবস্থান)-এর সূত্রপাত হতে পারে।

হোল্ড (স্বস্থানে অবস্থান) সফট্ বা হার্ড (মৃদু বা কঠোর) লকডাউন-এর স্থলাভিষিক্ত হয় না।

এটা ঘোষণা করা হবে: “Attention: (সকলের দৃষ্টি আকর্ষণ করছি): This is a Hold (এটি একটি স্বস্থানে অবস্থান)। All staff, students, and visitors are to remain where they are until they hear the All Clear. (সকল স্টাফ, শিক্ষার্থী, এবং দর্শনার্থীগণ যে যেখানে আছেন, অল ক্লিয়ার ঘোষণা না শোনা পর্যন্ত তাদেরকে সেখানেই থাকতে হবে।)" (PA সিস্টেমে দুবার বলা হবে।)

হোল্ড (স্বস্থানে অবস্থান) ঘোষণা শোনার পর:

*স্টাফগণ অবশ্যই:*

- তাদের বর্তমান অবস্থানে দরজাটি বন্ধ রাখবেন।
- তাদের বর্তমান স্থানে অবস্থান করবেন।
- কোনো শিক্ষার্থী হোল্ড ঘোষণার আগে বাইরে গিয়ে থাকলে মেইন অফিসকে জানাতে হবে।

*শিক্ষার্থী/স্টাফগণ অবশ্যই:*

- যতক্ষণ পর্যন্ত "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা করা না হয়, ততক্ষণ পর্যন্ত নিজ নিজ স্থানে অবস্থান করবেন।
- সাধারণত ক্লাস শেষে যে ঘণ্টা বাজানো হয়, সেসব উপেক্ষা করবেন।
- স্মরণ রাখবেন যে, ক্লাসরুম পাস ব্যবহার করা যাবে না এবং হোল্ড প্রত্যাহার না করা পর্যন্ত সবাইকে নিজ নিজ স্থানে থাকতে হবে।

### c) হুমকি, অপরাধজনিত কর্মকাণ্ড, এবং হুমকি মূল্যায়নে প্রতিবিধান:

স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই শিক্ষার্থী, স্কুলের কর্মচারী এবং দর্শনার্থী কর্তৃক শারীরিক আঘাত থেকে বোমা হুমকি পর্যন্ত অপরাধজনিত আচরণের হুমকি অথবা কর্মকাণ্ডের প্রতিবিধানের জন্য প্রস্তুত থাকতে হবে। স্কুল-সম্পর্কিত ঘটনা, শিক্ষার্থী বা স্কুল কর্মীগণ কর্তৃক সংঘটিত অপরাধ, অথবা চিকিৎসাজনিত কোনো জরুরি পরিস্থিতি সম্পর্কে আইন প্রয়োগকারী কর্মকর্তাদের জানানোর প্রক্রিয়াটি চ্যান্সেলরের প্রবিধান A-412 (নিচে মুখ্য নথিগুলো দেখুন) এবং ঝুঁকি বা হুমকিতে সাড়াদানের নিয়ম-নীতিসমূহ (থ্রেট রেসপন্স প্রটোকল) সহ অন্যান্য নীতিতে রয়েছে। উপরের রূপরেখা অনুযায়ী ডিস্ট্রিক্ট স্টাফ এবং 911 ফার্স্ট রেসপন্ডারদের (প্রথম সাড়াদানকারী) তাৎক্ষণিক সাড়াদানের সাথে সাথে সকল হুমকি এবং সহিংসতা অথবা অপরাধমূলক আচরণ মোকাবেলায় জেনারেল রেসপন্স প্রোটোকল (GRP) ব্যবহার করা হবে। উপস্থিতির পর, ঘটনা ভিত্তিক সহায়তা প্রদান করার জন্য সকল ডিস্ট্রিক্ট ও জরুরি প্রতিবিধান প্রচেষ্টার সাথে স্কুল কর্মকর্তা এবং SSA-এর সমন্বয় করা হবে।

শিক্ষার্থীদের দ্বারা নিজেদের বিরুদ্ধে হুমকি মোকাবেলার জন্যও স্কুল কর্মকর্তাদের অবশ্যই প্রস্তুত থাকতে হবে। একটি স্কুল ক্রাইসিস টিম প্রতিষ্ঠার এবং আত্মহত্যার প্রচেষ্টা, আত্মঘাতী আচরণ ও আত্মঘাতী কল্পনা মোকাবেলার প্রক্রিয়া চ্যান্সেলরের প্রবিধান A-755 ও নীতিসমূহে রয়েছে (নিচে গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো দেখুন)।

যখন কোনো শিক্ষার্থী এমন আচরণে লিপ্ত হয় যেটি শিক্ষার্থী বা অন্যদের আহত হওয়ার উল্লেখযোগ্য ঝুঁকি সৃষ্টি করে, স্কুল কর্মকর্তাদের তখন আচরণগত সঙ্কট মোকাবেলার কৌশল ও হস্তক্ষেপ এবং স্কুলের সঙ্কট প্রশমন পরিকল্পনাতে (ক্রাইসিস ডি-এসকেলেশন প্ল্যান) শনাক্তকৃত স্কুলের ও কমিউনিটির সহায়-সঙ্গতি ব্যবহার করে নিরাপদে তার মাত্রা কমিয়ে আনার সকল উদ্যোগ নিতে হবে। সেই সাথে, যদি নিরাপত্তার কথা বিবেচনা করার পরে অনুমতি পাওয়া যায়, তবে পিতামাতাকে অবশ্যই সেই শিক্ষার্থীর সাথে কথা বলার একটা সুযোগ দিতে হবে। কোনো শিক্ষার্থীর আচরণগত সংকটকালে প্রতিক্রিয়া সম্পর্কিত আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-411 দেখুন।

### d) স্কুল সুরক্ষা কর্মী:

1998-এর সেপ্টেম্বরে, DOE এবং নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (NYPD) মধ্যে একটি যৌথ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ডিপার্টমেন্ট অভ এডুকেশন, চ্যান্সেলর, এবং সিটি অভ নিউ ইয়র্কের একটি চুক্তি হয় যার অধীনে স্কুল সুরক্ষা কর্মীদের প্রশিক্ষণ এবং ব্যবস্থাপনাসহ স্কুল সুরক্ষা কাজের জন্য NYPD দায়িত্বশীর থাকবে। এই চুক্তিটি পরবর্তিতে বলবৎ থাকে এবং এরপর June 19, 2019 -এ তা পরিমার্জন করা হয়।

সংশোধিত MOU-টি DOE স্কুলসমূহে নিরাপত্তা বিধান কাঠামোটি অব্যাহত রাখে এবং একটি নিরাপদ ও সুরক্ষিত স্কুল পরিবেশ বজায় রাখতে স্কুল প্রশাসকগণ, SSA ও NYPD-এর ভূমিকা নির্দেশ করে; শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় স্কুলের প্রথমিক ভূমিকায় জোর দেয়; শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় স্কুলের স্টাফ কোন পরিস্থিতিতে SSA -এর সাথে যোগাযোগ করবেন তা বর্ণনা করে; SSA এবং NYPD অফিসারদের প্রশিক্ষণের ব্যবস্থা করে, যার মধ্যে রয়েছে প্রশমনকালে; কখন ও কীভাবে NYPD স্কুল অধিকৃত এলাকায় শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করতে পারবে তা অন্তর্ভুক্ত আছে; প্রয়োজনীয় সর্বনিম্ন নিয়ন্ত্রণ আরোপ করে কখন একটি গ্রেফতার বা সমন জারি করা যেতে পারে সেটার প্রত্যাশা অন্তর্ভুক্ত আছে; এবং গ্রেফতার বা সমন জারির ক্ষেত্রে ভিন্নতর বা বিকল্প প্রক্রিয়া ব্যবহারের করতে বলে।

নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহে সংশোধিত MOU অন্তর্ভুক্ত আছে।

### e) প্রশিক্ষণ এবং মহড়া:

সকল প্রিন্সিপালকে বাধ্যতামূলকভাবে জরুরি প্রস্তুতির প্রশিক্ষণ (ইমারজেন্সি রেডিনেস ট্রেনিং) সম্পূর্ণ করতে হবে, যার মেয়াদ দুই বছর পর্যন্ত বলবৎ থাকে। জুলাই ও অগাস্টে প্রশিক্ষণের সুযোগ দেওয়া হয়, এবং 1 সেপ্টেম্বরের পরে যোগদানকারী প্রিন্সিপালদের সারা শিক্ষাবর্ষ জুড়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

আগে থেকেই সম্ভাব্য সহিংস আচরণ শনাক্ত করার পাশাপাশি স্কুল ও এজেন্সির প্রশাসনিক ভবনগুলোতে জরুরি পরিস্থিতিতে ব্যবহৃত প্রক্রিয়াসমূহের উপর DOE-এর সকল কর্মীকে প্রতিবছর অবশ্যই প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। 15 সেপ্টেম্বরের আগে এবং নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য প্রয়োজন অনুযায়ী শিক্ষাবর্ষব্যপী এই ট্রেনিং পরিচালনা করতে সকল স্কুলকে একটি বার্ষিক শুরুর দিনের ট্রেনিং ডেক (অ্যানুয়াল ডে ট্রনিং ডেক) সরবরাহ করা হয়। DOE স্টাফদের মধ্যে যারা স্কুল বিল্ডিংগুলোতে নিয়োজিত নন তাদেরকে অবশ্যই 15 সেপ্টেম্বরের আগে অথবা নিয়োগ পাওয়ার 30 দিনের মধ্যে একটি অনলাইন ট্রেনিং মডিউল সম্পূর্ণ করতে হবে।

সকল শিক্ষার্থীকে অবশ্যই প্রতি শিক্ষাবর্ষের শুরুতে জরুরি অবস্থা মোকাবেলার নিয়ম-কানুন এবং লভ্য স্কুলের সহায়-সঙ্গতির উপর প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সকল শিক্ষার্থীর সাথে অবশ্যই প্রতি শিক্ষাবর্ষের শুরুতে GRP পর্যালোচনা করে অনুশীলনী পরিচালনা করতে হবে। পাওয়ারপয়েন্ট, ভিডিও এবং পাঠ পরিকল্পনা (লেসন প্ল্যান) সহ প্রশিক্ষণ উপকরণসমূহ (ট্রেনিং ম্যাটেরিয়ালস) স্কুলগুলোতে লভ্য রাখা হয়।

সেইসাথে, স্কুলবর্ষের শুরুতে, GRP সহ স্কুলের জরুরি অবস্থার প্রক্রিয়া সম্পর্কে তথ্য সকল পরিবারকে অবশ্যই জানাতে হবে। পরিবারসমূহের মাঝে বিতরণের জন্য একটি পরিচিতিমূলক পত্র এবং জরুরি অবস্থার প্রক্রিয়ার সারসংক্ষেপ স্কুলগুলোকে দিয়ে দেয়া হয়।

সকল স্কুলকে নিম্নলিখিত মহড়াগুলো পরিচালনা করতে হয় যা তাদের জরুরি পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনাকে (ইমারজেন্সি রেসপন্স প্ল্যান) পরীক্ষা করে। এইসব আবশ্যিক মহড়ায় থাকতে হবে যেসব সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী এবং কর্মীবৃন্দের জরুরি অবস্থায় অপসারণে বিশেষ সহায়তা আবশ্যক, যাদেরকে অপসারণ করতে হবে FDNY-অনুমোদিত স্বস্থানে অবস্থানের রুমসমূহে, আগুন থেকে উদ্ধারের স্থানগুলোতে, অথবা উদ্ধার সহায়তার এলাকাগুলিতে, বা স্কুল সুরক্ষা কমিটি কর্তৃক শনাক্তকৃত পশ্চাদপসারণের রুমসমূহে, যখন FDNY রুমগুলি শনাক্তকৃত না থাকে। প্রিন্সিপালগণকে অবশ্যই প্রতি শিক্ষাবর্ষে কমপক্ষে 12 টি জরুরি মহড়া (ইমার্জেন্সি ড্রিল) আয়োজন করতে হবে, যার মধ্যে আটটিকে অবশ্যই 31 ডিসেম্বরের আগে হতে হবে। এই আটটি মহড়ার মধ্যে অবশ্যই অপসারণ (ইভাকুয়েশন) এবং লকডাউন মহড়া থাকতে হবে। 12 ড্রিলের মধ্যে কমপক্ষে চারটিকে অবশ্যই হতে হবে লকডাউন ড্রিল, যার মধ্যে একটিকে অবশ্যই 31 অক্টোবরের মধ্যে অনুষ্ঠিত হতে হবে এবং আরেকটিকে অবশ্যই 1 ফেব্রুয়ারি ও 14 মার্চ এর ভিতরে অনুষ্ঠিত হতে হবে। চূড়ান্ত দুটি পরিচালনার সময় স্কুলের এক্তিয়ারাধীন। বিভিন্ন পরিস্থিতিতে বিভিন্ন সময়ে মহড়াগুলো পরিচালিত হবে, যার মধ্যে রয়েছে লাঞ্চ পিরিয়ড এবং সত্যিকারের জরুরি পরিস্থিতির অনুরূপ সৃষ্টিতে পূর্ব ঘোষণা ছাড়াই কোন সময়ে।

প্রিন্সিপালগণ নিশ্চিত করবেন যে, মহড়াগুলি যেন শিক্ষার্থীদের উপস্থিতিতে স্কুল দিবসেই হয় যা পরিচালিত হবে একটি ট্রমা (মানসিক আঘাত) আক্রান্ত তথ্যসমেত, বেড়ে-ওঠা সংশ্লিষ্ট, এবং বয়স-উপযোগী উপায়ে এবং এর অন্তর্ভুক্ত হবে না কোনো সহায়তা, অভিনেতা, অনুকরণ, অথবা অন্য কৌশল যার উদ্দেশ্য হবে কোনো স্কুলে গুলিবর্ষণের ঘটনা বা অন্য কোনো সহিংস বা জরুরি পরিস্থিতির অনুকরণে। যেসময়ে মহড়াগুলি পরিচালিত হবে শিক্ষার্থী এবং কর্মীগণকে অবহিত করা হবে যে, যেসকল কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে সেগুলি একটি মহড়া। পিতামাতা অথবা পিতামাতা সম্পর্কে আবদ্ধ ব্যক্তিগণকে মহড়া অনুষ্ঠিত হবার কমপক্ষে এক সপ্তাহ আগে অবহিত করা হবে।

স্কুলগুলি শুধু DOE, স্থানীয় জরুরি পরিস্থিতিতে সাড়াদানকারী এবং প্রস্তুতি-বিষয়ক কর্মকর্তাদের তৈরি এবং সূচিকৃত পূর্ণ-ব্যাপ্ত মহড়াগুলিতে অংশ নিতে পারে। এই ধরনের মহড়া নিয়মিত স্কুল দিবসে অথবা যখন স্কুল প্রাঙ্গণে অন্য কর্মকাণ্ড চলে, তখন অনুষ্ঠিত হবে না। এইসব মহড়াতে পিতামাতা অথবা পিতামাতা সম্পর্কে আবদ্ধ ব্যক্তিদের লিখিত সম্মতি ব্যতীত শিক্ষার্থীদের নেয়া যাবে না।

NYC-এর ফার্স্ট রেস্পন্ডারদের (NYPD, FDNY এবং NYCEM) সাথে সহযোগিতায়, জরুরি পরিস্থিতি মোকাবেলা যাতে অপসারণ (ইভাকুয়েশন), শেল্টার-ইন অথবা লকডাউন প্রয়োজন তা মূল্যায়ন করার জন্য DOE প্রতিটি বরোতে আলাদা স্কুল বিল্ডিং-এ পরিচালিত বিভিন্ন মহড়া পর্যবেক্ষণ করে। স্কুল লিডারদের সাথে টিমটি একটি জিজ্ঞাসাবাদ (ডিব্রিফ) পরিচালনা করে, সেই সাথে কার্যকারিতা মূল্যায়ন করতে এবং সংশোধনমূলক পদক্ষেপ নেয়া প্রয়োজন এমন ক্ষেত্র সনাক্ত করতে একাধিক এজেন্সির একটি ডিব্রিফও হয়।

## f) পিতামাতাকে অবহিতকরণ:

স্কুলে কোন সহিংসতা ঘটানোর হুমকি অথবা ঘটনা ঘটানোর ফলে পুরো স্কুল কমিউনিটির উপর অভিঘাত পড়ে। সহিংসতার কোন হুমকি থাকলে অথবা সহিংস ঘটনা ঘটলে, স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই যথাযথ আইন প্রয়োগকারী এজেন্সির সাথে (উপরে উল্লিখিত উপায়ে) যোগাযোগের জন্য এবং অবিলম্বে স্কুল কমিউনিটিকে বিশেষ করে স্কুলে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতাকে জানাতে প্রস্তুত থাকতে হবে। পিতামাতাদের অবহিত করতে (তাদের পছন্দনীয় ভাষায়) DOE-এর নীতি এবং প্রক্রিয়া চ্যান্সেলরের প্রবিধান ও নীতিসমূহে রয়েছে (নিচে গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো দেখুন)। চ্যান্সেলরের প্রবিধান A-415 অনুযায়ী, পিতামাতা, স্টাফ, এবং নির্বাচিত কর্মকর্তাগণ NotifyNYC-এর মাধ্যমে ইলেক্ট্রনিক টেক্সট মেসেজ, ফোন কল, এবং/অথবা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে জরুরি বিজ্ঞপ্তি পাওয়ার জন্য স্বেচ্ছায় তালিকাভুক্ত হতে পারেন। সেই সাথে, পিতামাতা এবং স্কুল কমিউনিটিকে স্কুলে ঘটে চলা নির্দিষ্ট জরুরি পরিস্থিতি সম্পর্কে সতর্ক করতে স্কুল লিডারগণ নির্দিষ্ট স্কুলের জন্য নির্দিষ্ট অবহিতকরণ ব্যবস্থা (নোটিফিকেশন সিস্টেম) গ্রহণ করতে পারেন। DOE একটি সুরক্ষিত বার্তা প্রেরণের উপকরণ (মেসেজিং টুল) তৈরি করেছে, যা স্কুলগুলোকে পরিবার, শিক্ষার্থী, ও স্টাফদের জন্য বার্তা তৈরি ও পাঠানোর সুযোগ দেয়। স্কুলগুলি কোনো একটি জরুরি পরিস্থিতিতে যেমন লকডাউন, অপসারণ, স্ব-স্থানে অবস্থান, অথবা শেল্টার-ইনের ক্ষেত্রে একটি মোবাইল ডিভাইস বা ডেস্কটপ থেকে পরিবারবর্গকে তাৎক্ষণিক নোটিস পাঠাতে পারে। যখন ম্যাসেজ পাঠানো হয় যেগুলি অটোম্যাটিক ম্যাসেজিং টেমপ্লেট অপশনে অন্তর্ভুক্ত নয়, স্কুলসমূহকে এইসব নোটিফিকেশন তৈরিতে তাদের সুপারিনটেনডেন্ট, ফিল্ড কাউন্সেল এবং প্রেস অফিসের সাথে পরামর্শ করতে হবে।

## 2 - বিল্ডিং-স্তরে স্কুল সুরক্ষা পরিকল্পনা:

চ্যান্সেলরের প্রবিধান A-414 অনুযায়ী, (নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো দেখুন) বিল্ডিং-স্তরে স্কুল নিরাপত্তা/সুরক্ষা (সেফটি) পরিকল্পনা তৈরির লক্ষ্যে প্রতিটি স্কুলকে অবশ্যই একটি স্কুল সুরক্ষা (সেফটি) কমিটি প্রতিষ্ঠিত করতে হবে। প্রতিটি কমিটিতে অবশ্যই নিম্নলিখিত ব্যক্তিবর্গকে থাকতে হবে: UFT চ্যাপ্টার লিডার; কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার/মনোনীত ব্যাক্তি; আভ্যন্তরীন স্কুল সেফটি এজেন্ট লেভেল III/মনোনীত ব্যাক্তি; স্থানীয় আইন প্রতিরক্ষা কর্মকর্তা; প্যারেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট/মনোনীত ব্যাক্তি; ডায়েটিশিয়ান/সাইটের জন্য খাদ্য পরিষেবার মনোনীত ব্যাক্তি; কমিউনিটি সদস্য; স্থানীয় অগ্নি-নির্বাপণ কর্মকর্তা, স্থানীয় অ্যাম্বুলেন্স অথবা অন্যান্য ইমার্জেন্সি রেসপন্স এজেন্সিসমূহ; ছাত্র সংগঠনের প্রতিনিধি (যেখানে যথাযথ); এবং প্রিন্সিপাল যেকোন ব্যাক্তিকে যথাযথ মনে করেন সে ব্যাক্তি। প্রতিটি স্কুল সেফটি প্ল্যানে যেমনটি বর্ণিত আছে, প্রত্যেক স্কুলকে কর্তৃত্বের ক্রম (চেইন অভ কমান্ড) এবং একাধিক টিম প্রতিষ্ঠিত করতে হবে, যার মধ্যে রয়েছে, একটি বিল্ডিং রেসপন্স টিম ও ক্রাইসিস টিম, এবং জরুরি পরিস্থিতিতে স্কুলের প্রতিবিধান (রেসপন্স) সমন্বয় করবেন এমন একজন প্রশাসনিক কর্মী (আডমিনিস্ট্র্যাটিভ স্টাফ)-কে মনোনীত করতে হবে।

অন্যান্য বিষয় ছাড়াও, পরিকল্পনায় বর্ণিত আছে স্কুল বিল্ডিংয়ের প্রবেশ পথ এবং দর্শনার্থী নিয়ন্ত্রণ প্রক্রিয়া; নিরাপত্তার দায়িত্বে নিযুক্তি এবং সময়সূচি; অনুপ্রবেশকারীদের ক্ষেত্রে প্রযোজ্য প্রক্রিয়া; জরুরি পরিস্থিতিতে যোগাযোগের প্রণালী, এর মধ্যে আছে যথাযথ আইন প্রয়োগকারী ব্যক্তিদের নাম এবং ফোন নম্বর; হারিয়ে যাওয়া ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য নিয়ম; ডোর অ্যালার্ম-এর প্রেক্ষিত প্রতিবিধান; সীমিত চলাচল ক্ষমতাসম্পন্ন শিক্ষার্থীসহ, সকল স্টাফ ও শিক্ষার্থীর অপসরণ প্রক্রিয়া, এবং ভবনের ফ্লোর প্ল্যান। প্রত্যেক পরিকল্পনায় বর্ণিত আছে শিক্ষার্থী এবং স্টাফদের জন্য সব ধরনের জরুরি অবস্থা মোকবেলায় বিল্ডিংয়ের ব্যবস্থাগ্রহণকারী টিমের ভূমিকা এবং প্রশিক্ষণ। প্রতিটি বিল্ডিং স্তরের পরিকল্পনায় জরুরি পরিস্থিতিতে ব্যবস্থা গ্রহণের নিয়ম-নীতি প্রতিষ্ঠিত আছে, যেমন ক্ষতিকর বর্জ্য উপচে পড়া, দর্শনার্থী প্রবেশ, বোমার হুমকি, জিম্মি-গ্রহণ অথবা গোলাগুলির পরিস্থিতি; এসব অবস্থায় অপসারণ, আশ্রয় প্রদান, স্বস্থানে থাকা, অথবা লকডাউনের মতো কী করতে হবে সেসব। বিল্ডিং স্তরের পরিকল্পনাসমূহ অবশ্যই অফিস অভ সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশিপস (OSPP) কর্তৃক তৈরি সেফটি পরিকল্পনা টেমপ্লেটের সাথে সমন্বিত এবং প্রতিবছর অবশ্যই হালনাগাদকৃত হতে হবে। স্টাফ এবং পরিবারদেরকে জানানো যাবে এমন বিল্ডিং স্তরের সুরক্ষা পরিকল্পনা সকল প্রিন্সিপালের কাছ থেকে অনুরোধ সাপেক্ষে স্কুল সেফটি প্ল্যানের স্টাফ অথবা পিতামাতা সংস্করণ পাওয়া যাবে। পিতামাতার গাইডের একটি নমুনা নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্ট সেকশনে অন্তর্ভুক্ত রয়েছে। স্টেট এডুকেশন আইন অনুযায়ী, বিল্ডিং স্তরের জরুরি প্রতিবিধান পরিকল্পনাসমূহ অবশ্যই গোপনীয় এবং সেগুলি প্রকাশ করা হবে না।

## 3 - DOE সেন্ট্রাল রেসপন্স টিম (CRT)

সেন্ট্রাল রেসপন্স টিম (কেন্দ্রীয় প্রতিবিধান টিম, CRT) তৈরি করা হয়েছিলো DOE নেতৃত্ব কর্তৃক একটি বিস্তৃত জরুরি পরিস্থিতি মোকাবেলার কৌশল প্রয়োগ করার জন্য যা বিভিন্ন DOE অফিসকে DOE অধিভুক্ত স্থানে সংঘটিত বিভিন্ন ঘটনা যাতে একাধিক DOE ডিভিশন এবং/অথবা বাইরের এজেন্সি/ইউটিলিটি কোম্পানির প্রতিবিধানের প্রয়োজন হয়, তাতে সমন্বয় করার জন্য সক্ষম করে। অন্যান্য ঘটনা যেমন গুরুতর আবহাওয়া পরিস্থিতি এবং জনস্বাস্থ্যগত জরুরি অবস্থা মোকাবেলায় স্কুলগুলোর ব্যবহারের ক্ষেত্রেও CRT সাড়া দেবে। CRT সিনিয়র লিডারশিপ কর্তৃক সময়মতো সিদ্ধান্ত নেওয়ার সুযোগ দিতে এবং সম্পর্কিত DOE স্টাফকে দ্রুত অবহিত করতে তথ্য ও উপাত্ত সংগ্রহ করা সহজতর করবে। CRT DOE সেন্ট্রাল অফিসে কাজ করে শিক্ষার্থীর স্বাস্থ্য/নিরাপত্তায় প্রভাব ফেলে এমন ঘটনার ফলাফল এবং স্কুল বিল্ডিং-এর সরঞ্জাম/সুযোগ-সুবিধার সক্রিয়করণের মূল্যায়নের জন্য। এটি করতে গিয়ে, স্কুল কমিউনিটি কর্তৃক নেয়া ঝুঁকি ও ব্যবস্থা সম্পর্কে CRT যোগাযোগ করবে এবং ভবিষ্যৎ ঘটনার জন্য প্রস্তুতি ও প্রতিরোধমূলক পদক্ষেপের অব্যাহত উন্নয়নের জন্য প্রতিটি সক্রিয়করণের পরে ডিব্রিফ করবে।

CRT অন্যান্য NYC এজেন্সির সাথে গুরুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখে যার মধ্যে রয়েছে NYPD, FDNY, MTA, NYCEM এবং বিভিন্ন এজেন্সির অন্যান্য ইমারজেন্সি ম্যানেজমেন্ট টিম যেমন DOHMH এবং DSS; বিভিন্ন সময়ে CRT আমেরিকান রেড ক্রস এর সাথে সম্পৃক্ত হবে। DOE-এর অভ্যন্তরে, CRT নিশ্চিত করে যে, এ বিষয়ের সকল গুরুত্বপূর্ণ DOE টিম যার মধ্যে রয়েছে কিন্তু তা এতেই সীমাবদ্ধ নয়: স্কুল ফ্যাসিলিটিজ এবং এর ডেপুটি ডিরেক্টরস অভ ফ্যাসিলিটিজ (DDF); সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশিপস এবং এর বরো সেফটি ডিরেক্টরস (BSD) সমন্বিত আছে। DDF ও BSD কোনো একটি জরুরি অবস্থায় প্রিন্সিপালগণ এবং প্রতিটি বিল্ডিং রেসপন্স টিম (BRT)-এর লিডারদের জন্য সরাসরি সহায়তাকারী।

## 4 - কন্টিনিউটি অভ অপারেশন্স প্ল্যানিং (COOP)

DOE-এর কন্টিনিউটি অভ অপারেশন্স প্ল্যান (পরিচালনাকারী পরিকল্পনার চলমানতা) নিশ্চিত করে যে, স্থানীয় প্রাকৃতিক ঘটনা, দুর্ঘটনা, সংক্রামক রোগ এবং প্রযুক্তিগত অথবা আক্রমণ-সম্পর্কিত জরুরি অবস্থাসহ বিস্তৃত পরিসরের জরুরি অবস্থায়, পরিষেবা কাজ করা অব্যাহত থাকবে। এই পরিকল্পনা নিউ ইয়র্ক সিটি ইমারজেন্সি ম্যানেজমেন্ট (NYCEM)-এর তদারকিতে DOE কর্তৃক বার্ষিক পর্যালোচনা করা হয়। (NYCEM).

ডিপার্টমেন্টের COOP প্ল্যানটি নিম্নলিখিতগুলোসহ বেশ কয়েকটি জরুরি অবস্থা সম্পর্কিত ক্ষেত্র নিয়ে, তবে তা শুধু এতেই সীমাবদ্ধ নয়:

*অপরিহার্য কাজসমূহ:* স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হওয়ার পরে যে গুরুত্বপূর্ণ জটিল কর্মকাণ্ড করা হয় এবং এসব অপরিহার্য কার্যক্রম অব্যাহত থাকা নিশ্চিত করতে প্রয়োজনীয় রসদ (সাপ্লাই), সরঞ্জাম, প্রযুক্তি অথবা ব্যক্তি।

*উত্তরসূরিতার ক্রম:* জরুরি অবস্থার সময় সিনিয়র এজেন্সি অফিসের কর্মকর্তার কেউ অনুপস্থিত থাকলে তার দায়ভার কার্যকর করার জন্য দায়িত্বগ্রহণের বিধান।

*কর্তৃত্ব ন্যস্তকরণ:* কেন্দ্রীয়, মাঠ পর্যায় এবং অন্য সকল স্তর ও অবস্থানে নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত নেওয়ার জন্য, পদক্রম অনযায়ী কর্তৃপক্ষ সনাক্তকরণ।

*অব্যাহত থাকার জন্য স্থাপনা:* প্রধান স্থাপনা ব্যাতীত, যেসব স্থান অপরিহার্য কার্যক্রম চালু রাখতে ব্যবহৃত হয়, বিশেষ করে একটি অব্যাহত থাকা কার্যক্রমে। অব্যাহত থাকার জন্য স্থাপনা অথবা "বিকল্প স্থাপনা" শুধুমাত্র অন্য স্থানকেই বোঝায় না, একই সাথে অপ্রচলিত উপায় যেমন বাড়িতে কাজ করা (ওয়ার্কিং অ্যাট হোম), টেলিকমিউটিং এবং স্থানান্তরযোগ্য অফিসের ধারণাকেও বোঝায়।

*অব্যাহত থাকার জন্য যোগাযোগ:* সকল পরিস্থিতিতে, অন্যান্য এজেন্সির সাথে একযোগে, অপরিহার্য কার্যক্রম সম্পাদন করার সক্ষমতা দেয় যেসব যোগাযোগ।

*গুরুত্বপূর্ণ রেকর্ড ব্যবস্থাপনা:* একটি অব্যাহত থাকা কর্মকাণ্ড চলাকালীন অপরিহার্য কার্যক্রমকে সহায়তা দিতে প্রয়োজনীয় নথির ইলেক্ট্রনিক ও কাগজের (হার্ড) কপি, প্রসঙ্গ, রেকর্ড, ইনফর্মেশন সিস্টেম, ড্যাটা ম্যানেজমেন্ট সফটওয়্যার ও সরঞ্জাম সনাক্তকরণ, সুরক্ষা ও প্রস্তুত অবস্থায় প্রাপ্যতা।

মানব পুঁজি (হিউম্যান ক্যাপিটাল): একটি অব্যাহত থাকা কর্মকাণ্ড চলাকালীন, জরুরি কর্মী এবং বরাদ্দকৃত প্রতিবিধানের দায়িত্ব পালনের জন্য একটি এজেন্সি কর্তৃক সক্রিয় করা বিশেষ ক্যাটাগরির কর্মী।

*পরীক্ষা, প্রশিক্ষণ এবং অনুশীলনী:* একটি অব্যাহত থাকা কর্মকাণ্ডের সময়কালে এজেন্সির অপরিহার্য কার্যক্রম অব্যাহতভাবে সম্পাদনায় সহায়তা করতে এজেন্সির অব্যাহত থাকার পরিকল্পনা যে সক্ষম, তা নিশ্চিত করার ব্যবস্থা।

*নিয়ন্ত্রণ ও নির্দেশনা বণ্টন:* একটি এজেন্সির প্রধান কার্যকরী স্টাফ ও স্থাপনা থেকে অপরিহার্য কার্যক্রমের জন্য সংবিধিবদ্ধ কর্তৃপক্ষীয় ক্ষমতা ও দায়িত্ব অন্য এজেন্সির কর্মী ও স্থাপনায় হস্তান্তর করার সক্ষমতা।

*পুনর্গঠন:* যে প্রক্রিয়ায় টিকে থাকা এবং/অথবা প্রতিস্থাপিত এজেন্সি কর্মী আসল অথবা প্রতিস্থাপিত কার্যকর স্থাপনা থেকে এজেন্সির স্বাভাবিক কার্যক্রম পুনরায় শুরু করে।

কোভিড 19 অতিমারী (প্যান্ডেমিক)-এর সাথে সম্পর্কিত স্বাস্থ্য ও সুরক্ষা বিষয়ক উদ্বেগের মোকাবেলায়, সুপারভাইজার, স্টাফ, পিতামাতা এবং অন্যান্য যারা DOE ভবন ব্যবহার করেন, তাদের জন্য DOE নির্দিষ্ট নীতি, প্রক্রিয়া ও গঠন করেছে। মানানসইভাবে পরিবর্তিত পরিস্থিতি মোকাবেলা এবং কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে এগুলো নিয়মিত পর্যালোচনা, সংশোধন এবং বিতরণ করা হয়। জনসাধারণের জন্য তথ্য-উপকরণ DOE ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

## 5 - পরিবহন ব্যবস্থা

চ্যান্সেলরের প্রবিধান A-801 অনুযায়ী (গুরুত্বপূর্ণ নথিগুলি নিচে দেখুন), DOE সকল যোগ্য নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীদেরকে পাবলিক, চার্টার, এবং নন-পাবলিক স্কুলসমূহে পরিবহন সুবিধা প্রদান করে। আমাদের উদ্দেশ্য হলো স্কুলে মেট্রোপলিটান ট্রানজিট অথোরিটি

(MTA) এবং বাস কোম্পানিগুলির সাথে অংশীদারত্বের মাধ্যমে যাওয়া-আসায় নিরাপদ এবং বিশ্বস্ত পরিবহন নিশ্চিত করা। এই কাজটির সামঞ্জস্যবিধান এবং ব্যবস্থাপনা করে অফিস অভ পিউপিল ট্র্যান্সপোর্টেশন।

OPT শিক্ষার্থী সুরক্ষা, কর্মী প্রশিক্ষণ জোরদার, কর্মশক্তির ব্যবস্থাপনা, যানবাহন রক্ষণাবেক্ষণকে অগ্রাধিকার দিতে চার-অংশ বিশিষ্ট একটি সামগ্রিক পদ্ধতি ব্যবহার করে।

কর্মী প্রশিক্ষণ: সকল বাস ড্রাইভার এবং পরিচারকদেরকে জন্য স্টেট কর্তৃক আবশ্যক নবায়নী প্রশিক্ষণসমূহ পরিচালনা করা হয়। এছাড়া, DOE বাস কর্মীদেরকে প্রস্তুত থাকার জন্য বার্ষিক প্রশিক্ষণ প্রদান করে। যেসব বিষয় অন্তর্ভুক্ত হবে সেগুলি হলো:

- ভিশন জিরো অধিকতর নিরাপদ ড্রাইভিংয়ের উদ্যোগ।
- নিরাপত্তা বৃদ্ধির জন্য ড্রাইভিং টেকনিকে অধিক সচেতনতা।
- কীভাবে নিরাপদে বাস চালানো যায়, যার মধ্যে আছে লিফট্ পরিচালনা এবং হুইলচেয়ার সুরক্ষা।
- কীভাবে শিক্ষার্থীদের বাসে নিরাপদে উঠতে/নামতে/যত্ন নিতে হবে।
- বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীদের জন্য সেবা।

কর্মশক্তি ব্যবস্থপনা: OPT-তে একটি নিবেদিত টিমের দায়িত্ব হলো কর্মীদের নিয়ম-নীতি মেনে চলা এবং তাদের আচরণ নিশ্চিত করা, যেমন:

- কর্মীদের সকল সার্টিফিকেশন, ট্রেনিং এবং লাইসেন্স হালনাগাদ আছে সেটি নিশ্চিত করা।
- কর্মী অসদাচরণে যথাযথ এবং দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটি নিশ্চিত করা যার অন্তর্ভুক্ত কর্মী সাময়িক বহিষ্কার ও পুনর্বহাল।
- সার্টিফিকেটধারী কর্মীগণ যানবাহন পরিচালনা এবং পরিচারক হিসেবে কাজ করছে সেটি নিশ্চিত করতে যানবাহনের ইয়ার্ডে কর্মীদের পরিদর্শন।
- যানবাহন রক্ষণাবেক্ষণ: OPT-তে একটি নিবেদিত টিম যানবাহনের সুরক্ষা এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করে, এর মধ্যে আছে বাস ইয়ার্ডে যানবাহন পরিদর্শন যাতে এটি নিশ্চিত করা যায় যে, OPT সার্টিফাইড যানবাহনই পরিচালিত হচ্ছে।
- যানবহন হালনাগাদ আছে সেটি নিশ্চিতকরণে যানবহনের বয়সের শর্ত।
- ড্রাইভারের আচরণ এবং নিরাপত্তার খোঁজ রাখতে GEOTAB (GPS) সিস্টেম।

কর্মশক্তি ব্যবস্থপনা: OPT-তে একটি নিবেদিত টিমের দায়িত্ব হলো কর্মীদের নিয়ম-নীতি মেনে চলা এবং তাদের আচরণ নিশ্চিত করা, যেমন:

- প্রতিদিন, শিক্ষার্থী সুরক্ষা নিশ্চিতকরণে বাসে যেসব ঘটনা ঘটছে সেসবে তাৎক্ষণিক পর্যালোচনা।
- স্কুলসমূহ, আভ্যন্তরীণ OPT কর্মী, অন্য ডিভিশনের DOE কর্মী, এবং বাস কোম্পানিগুলির সাতে দ্রুত ফলো-আপ যোগাযোগ এবং পরবর্তী পদক্ষেপ শনাক্ত করা।
- প্রশিক্ষণ এবং লক্ষ্য-স্থিরকৃত সহায়তার প্রয়োজনে স্কুলসমূহ এবং বাস কোম্পানিগুলি শনাক্ত করতে ড্যাটা পর্যালোচনা। সার্টিফিকেটধারী কর্মীগণ যানবাহন পরিচালনা এবং পরিচারক হিসেবে কাজ করছে সেটি নিশ্চিত করতে যানবাহনের ইয়ার্ডে কর্মীদের পরিদর্শন।

## 6 - আচরণবিধি

আচরণবিধিতে রয়েছে শিক্ষার্থীর আচরণ নিয়ন্ত্রণের DOE-এর নীতি ও প্রক্রিয়া যার মধ্যে রয়েছে শিক্ষার্থীর শিখনে সহায়তা করতে সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা (শৃঙ্খলা বিধি), যা আচরণের প্রত্যাশিত মান এবং অসদাচরণে লিপ্ত হলে বিভিন্ন মধ্যস্থতা/হস্তক্ষেপ, সহায়তা ও শৃঙ্খলাজনিত পদক্ষেপ প্রতিষ্ঠিত করে; বৈষম্যকরণ, হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা বুলি (মাস্তানি) মোকাবেলা ও সমাধানের জন্য বিধান; পিতামাতাদের অবহিত করার জন্য নীতি ও প্রক্রিয়া (তাদের পছন্দনীয় ভাষায়); রিপোর্ট করার বাধ্যবাধকতা; আইন প্রয়োগকারীদের অবহিত করার বাধ্যবাধকতা; সকল স্টাফের প্রশিক্ষণের বাধ্যবাধকতা; শিক্ষার্থীর অধিকার এবং দায়বদ্ধতার বিল বা বিল অভ স্টুডেন্ট রাইটস অ্যান্ড রেস্পন্সিবিলিটি যা ইতিবাচক ব্যাবহার এবং একটি নিরাপদ ও সহায়ক স্কুল আবহের দিকে নজর দেয়।

স্কুলে না যাওয়া 18 বছরের কম বয়সী একজন ছেলে/মেয়ে, যে এমন আচরণ করে যা বিপজ্জনক বা নিয়ন্ত্রণের বাইরে অথবা প্রায়ই পিতামাতা, অভিভাবক বা অন্যান্য কর্তৃপক্ষকে অমান্য করে, তাকে ফ্যামিলি অ্যাসেসমেন্ট প্রোগ্রাম-এ পাঠানো উচিত। যদি শিক্ষার্থীকে

পাওয়া না যায়, এবং কোনো হারিয়ে যাওয়া ব্যক্তি সম্পর্কে রিপোর্ট দাখিল করা হয়, পিতামাতাগণ শুধু একজন PINS (তত্ত্বাবধানের জন্য কোনো ব্যক্তি) চাইতে পারেন। একটি PINS আবেদন দাখিল করার আগে পিতামাতাদের অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (ACS) ফ্যামিলি অ্যাসেসমেন্ট প্রোগ্রাম (FAP)-এর মাধ্যমে ভিন্নমুখী পরিষেবা (ডাইভারসন সার্ভিসেস) গ্রহণ করতে হবে। FAP ওয়েবসাইটে PINS সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত আছে। (https://www1.nyc.gov/site/acs/justice/family-assessment-program.page). পিতামাতাগণ প্রিভেনশন হেল্পলাইনের (212) 676-7667 নম্বরে ফোন করে ঐচ্ছিক প্রতিরোধ পরিষেবার অনুরোধ জানাতে পারেন। স্কুলটিও পরিষেবার ব্যবস্থা খুঁজে দিতে এবং পরিবারটিকে পরিষেবা প্রদানকারীর সাথে সংযোগ ঘটিয়ে দিতে পারে। যখন একটি PINS আবেদনে পলায়ন বা স্কুলে অসদাচরণের অভিযোগের বর্ণনা থাকে, সেই কিশোর/কিশোরীর উপস্থিতি/স্কুলে আচরণের উন্নতি ঘটাতে স্কুল কর্তৃক গৃহিত পদক্ষেপসমূহ ACS পর্যালোচনা করবে এবং স্কুলকে আরো ভিন্নমুখী প্রচেষ্টা গ্রহণ করতে সংশ্লিষ্ট করানোর চেষ্টা করবে। পলায়ন বা স্কুলে আচরণজনিত সমস্যার সমাধানের জন্য ACS স্কুলে যোগাযোগ করবে আবেদন করার প্রয়োজনীয়তা দূর করতে, অথবা, কমপক্ষে, প্রস্তাবিত আবেদনগুলোতে শিক্ষা-সংক্রান্ত অভিযোগগুলোর প্রতিকার করতে। DOE স্টাফ সদস্যদেরকেও মধ্যস্থতা/হস্তক্ষেপ-এর প্রমাণ দিতে এবং PINS আবেদন করা ছাড়া শিক্ষাগত বিষয়গুলো কেন সমাধান করা যাবে না, তার কারণগুলো জানাতেও বলা হতে পারে। যখন একটি PINS আবেদন দাখিল করা হয় এবং আদালত বিশ্বাস করে যে শিক্ষা-সম্পর্কিত বিষয়গুলো সমাধান করতে স্কুল স্টাফের সহায়তা সাহায্য করতে পারে, তখন ফ্যামিলি কোর্টের বিচারক স্কুল স্টাফকে আদালতে হাজির হওয়ার অনুরোধ করতে পারেন।

### a) শৃঙ্খলা বিধি:

শৃঙ্খলা বিধি শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় একটি কাটামো প্রতিষ্ঠা করে। এখানে এটা প্রকাশ করে যে, কাউন্সেলিং এবং অন্য স্কুল-ভিত্তিক মধ্যস্থতা যেমন পুনরুদ্ধারমূলক অনুশীলনীর মাধ্যমে শিক্ষার্থীর আচরণ শোধরানোর যৌক্তিক সব চেষ্টা অবশ্যই করতে হবে। এখানে আরো এটা প্রকাশ করে যে, উপযুক্ত শৃঙ্খলা বিষয়ক ব্যবস্থা গ্রহণে প্রতিরোধ এবং কার্যকর মধ্যস্থতা, সহনশীলতা বাড়ানো, শিক্ষার্থীদের শিক্ষায় বিঘ্ন প্রতিরোধ এবং ইতিবাচক স্কুল সংস্কৃতি গড়ে তোলার উপর জোর দেয়া উচিত। এর মধ্যে রয়েছে বিভিন্ন বর্ধ বর্ধনশীল-উপযোগী হস্তক্ষেপ ও সহায়তা এবং শিক্ষার্থীর অসদাচরণ মোকাবেলায় ব্যবহৃত হতে পারে এমন শৃঙ্খলাজনিত পদক্ষেপ।

### b) হস্তক্ষেপ কৌশল (ইন্টারভেনশন স্ট্রাটেজি):

প্রত্যেক স্কুল শিক্ষার্থীদেরকে একটি সহায়ক পরিবেশ প্রদানের লক্ষ্যে একটি ইতিবাচক স্কুল আবহ এবং সংস্কৃতি তৈরি করবে বলে প্রত্যাশিত যেখানে শিক্ষার্থীরা লেখাপড়ায় ও সামাজিক দিক দিয়ে সমৃদ্ধ হয়ে বেড়ে উঠবে। সামাজিক মানসিক শিক্ষণের জন্য অর্থবহ সুযোগসহ বিভিন্ন ইতিবাচক আচরণগত সহায়তা প্রদান করে শিক্ষার্থীদের সামাজমুখী আচরণ বৃদ্ধিতে স্কুলগুলো সক্রিয় ভূমিকা রাখবে বলে প্রত্যাশিত।

শিক্ষণে ব্যাঘাত ঘটায় এমন অনুপযুক্ত শিক্ষার্থী আচরণ প্রতিবিধানের ব্যবস্থা গ্রহণের দায়িত্ব স্কুল কর্মী সদস্যগণের। প্রশাসক, শিক্ষকমণ্ডলী, কাউন্সিলর এবং অন্যান্য স্কুল কর্মচারীগণ প্রতিবন্ধী শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীকে হস্তক্ষেপ ও নিরোধ কৌশলের সাথে সংশ্লিষ্ট করবেন এবং কৌশলসমূহ নিয়ে শিক্ষার্থী ও পিতামাতা(গণ)-এর সাথে আলোচনা করবেন বলে প্রত্যাশিত।

হস্তক্ষেপ কৌশল শৃঙ্খলা বিধিতে বর্ণিত আছে। হস্তক্ষেপ এবং প্রতিরোধের পন্থার মধ্যে থাকতে পারে গাইডেন্স কনফারেন্স(সমূহ); পিতামাতার সাথে যোগাযোগ (প্যারেন্ট আউটরিচ); দ্বন্দ্ব নিরসন; স্বল্প-মেয়াদী আচরণগত অগ্রগতির রিপোর্ট; ব্যক্তিক আচরণ-চুক্তি তৈরি; কাউন্সেলিং স্টাফ দ্বারা হস্তক্ষেপ; পিউপিল পার্সোনেল টিমে প্রেরণ; পুনরুদ্ধারমূলক অনুশীলন; সহযোগিতামূলক সমস্যা সমাধান; একক/দলগত কাউন্সেলিং; ব্যক্তিক সহায়তা পরিকল্পনা; কাউন্সেলিং পরিষেবায় প্রেরণ; মেন্টরিং; সামাজিক-আবেগজনিত শিক্ষা এবং কমিউনিটি ভিত্তিক সংগঠনের কাছে প্রেরণ।

হস্তক্ষেপ এবং প্রতিরোধ কৌশল ব্যবহার যা শিক্ষার্থীদেরকে সম্পৃক্ত রাখে এবং একটি স্পষ্ট লক্ষ্যের ধারণা প্রদান করে, তার মাধ্যমে স্কুল কর্মী সদস্যগণ শিক্ষার্থীদের অ্যাকাডেমিক এবং সামাজিক-মানসিক বিকাশকে সহজতর করে এবং তাদের স্কুলের নিয়ম-কানুন ও নীতি মেনে চলায় সাহায্য করে।

ক্লাসরুমে শিক্ষকগণ একটি প্রত্যাশিত শিক্ষণ পরিবেশ লাভের জন্য বিভিন্ন ধরনের প্রাতিষ্ঠানিক ও আচরণগত কৌশল ও পদ্ধতি ব্যবহার করেন। আন্তঃবিষয়ক টিমসমূহ যার অন্তর্ভুক্ত সহায়ক কর্মীবৃন্দ যেমন গাইডেন্স কউন্সেলর তারা প্রত্যেকটি স্কুলের অংশ।

"ঝুঁকিতে আছে" এমন শিক্ষার্থীদের নির্দিষ্ট সমস্যা সমাধানে কৌশল অবলম্বন ও বাস্তবায়নের জন্য এই টিমগুলি নিয়মিত ভিত্তিতে মিলিত হয়।

যেখানে মানানসই, চ্যান্সেলরের প্রবিধান A-443 এবং শৃঙ্খলা বিধিতে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী বর্ধনশীল বয়স-উপযোগী শৃঙ্খলাজনিত পদক্ষেপ অবশ্যই কার্যকর করতে হবে। (নিচের প্রধান নথিগুলো দেখুন)।

### c) বৈষম্য, হয়রানি, ভীতি-প্রদর্শন এবং বুলিইং বা মাস্তানি;

DOE-এর নীতি হচ্ছে একটি নিরাপদ ও শিখন সহায়ক পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীর করা প্রকৃত বা ধারণাকৃত জাতি, বর্ণ, ধর্মীয় মতবাদ, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অভিযোজন, প্রতিবন্ধিতা, অথবা ওজনের ভিত্তিতে শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীর বিরুদ্ধে পক্ষপাতদুষ্ট হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা নিগ্রহ মুক্ত। চ্যান্সেলরের প্রবিধান A-832 এবং শৃঙ্খলা বিধিতে DOE-এর নীতি বর্ণিত আছে। (নিচের গুরুত্বপূর্ণ নথিগুলো দেখুন) এই নথিগুলো এধরনের ব্যবহার প্রতিরোধ, রিপোর্ট করা, তদন্ত করা এবং এসবের প্রতিবিধান করার প্রক্রিয়াকে প্রতিষ্ঠিত করে।

সকল শিক্ষার্থী ও স্টাফকে চ্যান্সেলরের প্রবিধান A-832 অনুযায়ী প্রয়োজনীয় বিষয়ে অবশ্যই প্রশিক্ষণ দিতে হবে। OSYD একাধিক তথ্য-উপকরণ প্রদান করে, যার মধ্যে রয়েছে পাঠ ও পাঠ্যক্রম এবং এই তথ্য শিক্ষার্থীদের দিতে স্কুলগুলোকে সাহায্য করার জন্য একটি বিস্তারিত বাস্তবায়নের গাইড। সেই সাথে, এটি একটি ট্রেনিং ডেক এবং সম্পূরক তথ্য-উপকরণ গড়ে তোলে যা স্কুল লিডারগণ শিক্ষানির্দেশনামূলক নয় এমন স্টাফসহ সকল কর্মীর প্রশিক্ষণের চাহিদা পূরণ করতে ব্যবহার করতে পারে।

### d) পিতামাতার সংশ্লিষ্টতা এবং অবহিতকরণ:

স্কুলগুলোকে সুরক্ষিত রাখায় শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল কর্মীদের সবার একটি ভূমিকা রয়েছে এবং এই লক্ষ্য অর্জনে অবশ্যই তারা একে অপরকে সহযোগিতা করবেন। স্কুল স্টাফদের দায়িত্ব পিতামাতাদেরকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং কোন সমস্যা হলে তার সমাধানে পিতামাতাদেরকে অংশীদার হিসেবে তালিকাভুক্ত করা। যদিনা আদালতের আদেশের কারণে সীমাবদ্ধতা থেকে থাকে, ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের ফস্টার পিতামাতা ও এজেন্সির পাশাপাশি, জন্মসূত্রে পিতামাতাদের তাদের সন্তানের আচরণের ও শৃঙ্খলাজনিত কারণে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত হওয়ার অধিকার রয়েছে।

একটি নিরাপদ এবং সহায়ক স্কুল পরিবেশ গড়ে তুলতে পিতামাতাগণ যাতে সক্রিয় এবং সংশ্লিষ্ট অংশীদার হতে সক্ষম ও সহায়তাপ্রাপ্ত হতে পারেন, সেটা নিশ্চিত করতে, তাদের অবশ্যই শৃঙ্খলা বিধির সাথে পরিচিত হতে হবে।

শৃঙ্খলা বিধিটি বোঝা এবং শিক্ষার্থীদের সামাজিক-মানসিক বেড়ে ওঠায় সহায়তা প্রদানে স্কুল কীভাবে পিতামাতাদের সাথে সবচেয়ে ভালো কাজ করতে পারে, সেসব বিষয়ে পিতামাতাদের জন্য কর্মশালা করতে স্কুলগুলিকে উৎসাহিত করা হয়। শৃঙ্খলা বিধি সম্পর্কে তথ্য পিতামাতাদের কাছে উপস্থাপন করার জন্য অ্যাডমিনিস্ট্রেটর এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরদের সাহায্য করতে OSYD ওয়ার্কশপ ট্রেনিং ডেক তৈরি ও লভ্য করে।

শিক্ষাবিদগণের দায়িত্ব পিতামাতাদেরকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং স্কুল ও সমাজে সাফল্যের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় দক্ষতা লালন করা। পিতামাতাদেরকে তাদের সন্তানের শিক্ষক এবং অন্য স্কুল কর্মীদের সাথে ঐসব বিষয়ে আলোচনায় উৎসাহিত করা হয় যেগুলি শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করে এবং যা শিক্ষার্থীর সাথে কাজে কার্যকর হয় এমন সব কৌশল।

শিক্ষার্থী আচরণের জন্য যেসকল পিতামাতা সহায়তা এবং মধ্যস্থতা বিষয়ে আলোচনা করতে আগ্রহী তাদের শিক্ষার্থীর স্কুলের সাথে যোগাযোগ করা উচিত, এর মধ্যে, প্রয়োজনবোধে, থাকতে পারে প্যারেন্ট কোঅর্ডিনেটর, অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট।

যদি কোন শিক্ষার্থী অনুপযুক্ত আচরণে সংশ্লিষ্ট হয় যা শৃঙ্খলা বিধির লঙ্ঘন, প্রিন্সিপাল অথবা তার মনোনীত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার কাছে সে আচরণের রিপোর্ট করবেন।

### e) প্রশিক্ষণ:

প্রতিটি শিক্ষার্থী একটি নিরাপদ, সহায়ক এবং অন্তর্ভুক্তিমূলক স্কুলে শিক্ষা পাচ্ছে, সেটা নিশ্চিত করা DOE-র সর্বোচ্চ অগ্রাধিকার। এটা করতে, DOE পুনরুদ্ধারমূলক পদ্ধতি ব্যবহার করে যা সংঘাতের মূল কারণের সমাধান করে, সেই সাথে শিক্ষণীয় মুহূর্তের মাধ্যমে ইতিবাচক আচরণকে জোরদার করে। DOE শিক্ষার্থীদের সামাজিক-আবেগীয় দক্ষতা ও ভালো থাকাকে সহায়তা করতে শিক্ষকদের রিসোর্স প্রদান করে এবং ফলস্বরূপ, সাসপেনশন অথবা শৃঙ্খলাবিধানমূলক শাস্তির উপর নির্ভরতা কমায়।

একটি নিরাপদ এবং মর্যাদাশীল স্কুল কমিউনিটি প্রতিষ্ঠা এবং সেটার সংরক্ষণ স্কুলে শিক্ষার্থীরা কীভাবে আচরণ করে, সেবিষয়ে প্রধান ভূমিকা রাখে। ইতিবাচক শিক্ষার্থী আচরণ উন্নীত করতে, স্কুল কমিউনিটির সকল সদস্যকে—শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাগণ—গ্রহণযোগ্য আচরণমালা, যা সব শিক্ষার্থীর মেনে চলা প্রত্যাশিত, অসদাচরণের মোকাবেলায় যে সহায়তা ও হস্তক্ষেপ করা হবে এবং আচরণের মান পূরণ না হলে গৃহীত শৃংখলামূলক ব্যবস্থা সম্পর্কে জানতে ও বুঝতে হবে।

শিক্ষার্থীদের সাথে 'শৃঙ্খলা বিধি, শিক্ষার্থীর অধিকার এবং দায়বদ্ধতার শিক্ষার্থী সনদ' (দ্য স্টুডেন্ট বিল অভ স্টুডেন্ট রাইটস অ্যান্ড রেস্পন্সিবিলিটি) এবং DOE-র ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতি (ইন্টারনেট অ্যাক্সেপ্টেবল ইউজ অ্যান্ড রেস্পসিবিলিটিজ) পর্যালোচনা করতে স্কুলগুলোর অবশ্যই সময় আলাদা করে রাখতে হবে। এই পর্যালোচনা বয়স উপযোগী হওয়া উচিত যাতে সকল শিক্ষার্থী DOE-এর ইন্টারনেট সিস্টেমে প্রবেশ ও ব্যবহারকালেসহ স্কুলে থাকা অবস্থায় তাদের কাছে প্রত্যাশিত আচরণ কী, সেটি জানে এবং বুঝে।

শিক্ষার্থীরা যে শৃঙ্খলা বিধি বুঝে ও সমর্থন করে, সেটা সবচেয়ে কার্যকরভাবে নিশ্চিত করা যায় বয়স উপযোগী ক্লাসরুম শিক্ষা নির্দেশনার মাধ্যমে। সকল শিক্ষার্থীকে শৃঙ্খলা বিধির উপরে কমপক্ষে একটি পাঠ দিতে হবে। DOE মান-ভিত্তিক বয়স উপযোগী পাঠ পরিকল্পনার সুযোগ দেয় যার মধ্যে রয়েছে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ামূলক অনুশীলনী, সুপারিশকৃত প্রজেক্ট ও শিক্ষার্থীদের মধ্যে সহায়তামূলক শিখন অভিজ্ঞতার সুযোগ এবং একটি স্টুডেন্ট ওয়ার্কশপ ট্রেনিং ডেক।

স্কুলগুলোকে অবশ্যই সকল স্টাফ সদস্যের সাথে শৃঙ্খলা বিধি পর্যালোচনা করতে এবং এর উদ্দেশ্য নিয়ে আলোচনার জন্য একটি ওয়ার্কশপ পরিচালনা করতে হবে। স্কুলগুলোর ব্যবহারের জন্য লভ্য একটি আদর্শ পেশাগত উন্নয়ন ওয়ার্কশপ ট্রেনিং ডেক, যাতে আছে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ামূলক অনুশীলনী।

## 7 - কর্মস্থলে সহিংসতা প্রতিরোধ

জানুয়ারি 2024 পর্যন্ত, DOE একটি কর্মস্থলের সহিংসতা প্রতিরোধের নীতি বাস্তবায়ন করেছে যা কর্মস্থল সহিংসতা প্রতিরোধ আইনের (NY স্টেট লেবার আইনের ধারা 2, সেকশন 27-b) শর্ত পূরণে করার জন্য তৈরি।

এই নীতি প্রসঙ্গে যেকোনো শারীরিক আক্রমণ অথবা আগ্রাসী আচরণকে কর্মস্থলের সহিংসতা হিসেবে সংজ্ঞায়িত করা হয় , যা সংঘটিত হয় কোনো কর্মীর পেশাগত দায়িত্ব পালনে নিয়োজিত থাকাকালে।

যেসব ব্যক্তি এই নীতি লঙ্ঘন করে তাকে আইন প্রয়োগকারী সংস্থায় রেফার করা, DOE সম্পত্তি থেকে অপসারণ, এবং/অথবা তার বিরুদ্ধে শৃঙ্খলাজনিত পদক্ষেপ গ্রহণ/বা কর্মচারি বিষয়ক পদক্ষেপ নেয়া হতে পারে, যা DOE নীতি, নিয়ম-কানুন, এবং যৌথ দরকষাকষি চুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ। DOE একটি কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সহায়তাদানের জন্য একটি কর্মক্ষেত্রে সহিংসতা প্রতিরোধ প্রোগ্রাম তৈরি করেছে যা সহিংস অথবা সম্ভাব্য সহিংস পরিস্থিতির কর্যকর সমাধান দেয় এবং এর অভিনিবেশ থাকে সহিংসতা প্রতিরোধের প্রতি। এই প্রোগ্রামের অংশ হিসেবে বার্ষিক প্রশিক্ষণে অংশগ্রহণ সকল কর্মচারির জন্য বাধ্যতামূলক।

## 8 – জরুরি পরিস্থিতিতে দূর থেকে শিক্ষা-নির্দেশনার পরিকল্পনা (ইমার্জেন্সি রিমোট ইন্সট্রাকশন প্ল্যান, ERIP)

**শিক্ষার্থীদের জন্য কমপিউটিং ডিভাইস অথবা অন্য কোনো উপায় লভ্য থাকবে যা দিয়ে শিক্ষার্থীরা যুগপৎ নির্দেশনা অনুসরণে সক্ষম, সে বিষয়টি নিশ্চিতকরণের নীতিমালা এবং প্রক্রিয়া। জরুরি পরিস্থিতিতে শিক্ষার্থীরা রিমোট বা দূর থেকে শিক্ষা-নির্দেশনার জন্য ইন্টারনেট সংযোগ সুবিধা বহাল রয়েছে, সেটা নিশ্চিত করার বাড়তি নীতিমালা এবং প্রক্রিয়াসমূহ।**

**a) ডিভাইসসমূহে প্রবেশ**

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ ((NYCPS)-এর শিক্ষার্থীদের কাছে যন্ত্রপাতি (ডিভাইসেস) প্রদান এবং সেগুলির খোঁজ রাখার কতগুলি প্রক্রিয়া রয়েছে। এর অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের ব্যক্তিগত যন্ত্রপাতির পাশাপাশি NYCPS ইস্যুকৃত যন্ত্রপাতিতে প্রবেশাধিকার, যাতে নিশ্চিত করা যায় যে, দূর থেকে শিক্ষার সুযোগ পেতে একটি ডিভাইসের চাহিদাযুক্তরা যেন একটি ডিভাইস পয়। স্কুলগুলি কেন্দ্রীয়ভাবে প্রাপ্ত ডিভাইসগুলি বিতরণে চাহিদাযুক্ত শিক্ষার্থীকে অগ্রাধিকার দিবে। যখন কেন্দ্রীয়ভাবে অর্থায়িত ডিভাইসগুলির মজুদ শেষ হয়ে যায়, তখন স্কুলগুলি স্কুলের কেনা ডিভাইস শিক্ষার্থীদের মাঝে বিতরণ করে। রিমোট লার্নিং (দূর থেকে শিক্ষণ)-এর প্রয়োজনীয়তার কথা ধারণা করে স্কুলগুলি একটি স্বল্প-মেয়াদি শর্তে কোনো শিক্ষার্থীকে ডিভাইস ধারও দিতে পারে। প্রয়োজনবোধে, স্কুলগুলি বিদ্যমান DOE চুক্তির মাধ্যমে স্কুলের অর্থ দিয়ে বাড়তি ডিভাইস কিনতে পারে।

2020 সাল থেকে, প্রায় 550,000-টি আইপ্যাড এবং 200,000-টি ক্রোমবুক কেনা হয়েছে এবং শিক্ষার্থীদের ব্যবহারের জন্য শিক্ষার্থী ও স্কুলগুলোর মাঝে বিতরণ করা হয়েছে। NYCPS চাহিদা আছে এমন শিক্ষার্থীদেরকে ডিভাইস প্রদান অব্যাহত রাখবে।

**b) ইন্টারনেট সংযোগ**

যেসব পরিবারের বাড়িতে ওয়াই-ফাই সুবিধা নেই তাদের শনাক্ত করতে স্কুলগুলোকে সহায়তা করার জন্য DOE ডিজিটাল ইক্যুইটি ফ্যামিলি জরিপ থেকে প্রাপ্ত জবাবসমূহ ব্যবহারের পরিকল্পনা করছে।

যতটা সম্ভব, DOE শিক্ষার্থী এবং পরিবারবর্গকে বাড়িতে ইন্টারনেট সুবিধা প্রদানে সহায়তা করবে।

যেসব শিক্ষার্থী কেন্দ্রীয়ভাবে কেনা LTE ডিভাইস ব্যবহার করছে তাদের তারবিহীন ইন্টারনেট সার্ভিসে উত্তরণ ঘটেছে। স্কুলসমূহকে নির্দেশনা দেয়া হয়েছে যাতে তারা বিনামূল্য থেকে সআল্পমূল্যের বিভিন্ন ওয়াই-ফাইগুলির কোনো একটির তথ্য কীভাবে ঐসব পরিবার পেতে পারে, সেবিষয়ে সহায়তাদান করতে।

এসব DOE ওয়েবসাইট বিনামূল্যে অথবা স্বল্প-মূল্যে ওয়্যারলেস ইন্টারনেট সার্ভিস লাভের সুযোগ কোথায় আছে, সংক্ষিপ্তভাবে সেসবের বিবরণ দেয়। এর পাশাপাশি, নিউ ইয়র্ক সিটিতে 200-টিরও বেশি হোমলেস শেল্টারে ওয়্যারলেস সার্ভিস রয়েছে এবং বিগ অ্যাপেল কানেক্ট নিশ্চিত করে যাতে NYCHA-এ বসবাসকারীদের বিনাখরচে, দ্রুত, নির্ভরযোগ্য, এবং নিরাপদ ইন্টারনেট সুবিধা বিদ্যমান আছে।

এই তথ্য পরিবারদের জানাতে এবং তাদের পরিস্থিতির সাথে সর্বাধিক মানানসই বিকল্পটিতে সাইন আপ করার জন্য সহায়তা করতে স্কুলগুলোকে নির্দেশনা দেয়া হবে। আমরা পূর্বানুমান করছি যে, বাড়িতে ওয়াই-ফাই সুবিধা নেই এমন পরিবারেরা এই বিকল্পগুলোর একটি থেকে বিনামূল্যে অথবা হ্রাসকৃত মূল্যে ওয়াই-ফাই পাবে।

যদি এইসব বিকল্প সম্ভব না হয়, স্কুলগুলি বিদ্যমান চুক্তির মাধ্যমে চাহিদাযুক্তদেরকে একটি LTE-সক্ষমতাযুক্ত ওয়্যারলেস হটস্পট কিনতে অথবা ডিভাইস প্রদান করতে পারে।

**জরুরি অবস্থার অধীনে রিমোট শিক্ষানির্দেশনার দিনগুলিতে শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনায় যুগপৎ এবং অ-যুগপৎ সময়ের যে অনুপাত সেটির বিষয়ে স্কুল-কর্মীদের কাছে প্রত্যাশা এই যে, এই ব্যয়কৃত সময়গুলি যেন অ-যুগপৎ শিক্ষানির্দেশনা যুগপৎ শিক্ষানির্দেশনার সম্পূরক হয়।**

স্কুল-ভিত্তিক শিক্ষকবৃন্দ এবং সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদের জন্য কোনো একটি অনুমোদিত DOE প্ল্যাটফর্মে ডিজিটাল ক্লাসরুম সেট-আপ করা এবং সকল নির্ধারিত শিক্ষার্থীকে এতে সংযুক্ত করা আবশ্যক। স্কুল বন্ধ থাকার ক্ষেত্রে, স্কুল-ভিত্তিক শিক্ষকবৃন্দ এবং অন্য আবশ্যিক পরিষেবা প্রদানকারীগণকে ডিজিট্যাল ক্লাসরুমের মাধ্যমে দূর থেকে যুগপৎ শিক্ষানির্দেশনা চালিয়ে যেতে হবে। কর্মীগণ DOE-এর অভ্যন্তরীণ ওয়েবসাইটে লভ্য 'লেবার পলিসি গাইডেন্স ফর ডিজিট্যাল ক্লাসরুম 2023-2024' দেখে নিতে পারেন।

**যেসব শিক্ষার্থীর ডিজিটাল প্রযুক্তি দ্বারা রিমোট শিক্ষা-নির্দেশনা লভ্য বা উপযুক্ত নয়, তাদের ক্ষেত্রে শিক্ষা-নির্দেশনা কেমন হবে তার বিবরণ।**

শিক্ষার্থীরা তাদের শিক্ষা-নির্দেশনায় লগ ইন করতে বাড়ি-ভিত্তিক টেকনোলজি ব্যবহার করতে পারছে তা নিশ্চিত করতে স্কুলের টেকনোলজি বিষয়ক যোগাযোগের ব্যক্তি, শিক্ষক, এবং প্যারাপ্রফেশনালগণ প্রয়োজন অনুযায়ী পরিবাদের সাথে যোগাযোগ করবেন। যেসব শিক্ষার্থীর ডিজিটাল টেকনোলজির মাধ্যমে দূর থেকে শিক্ষা-নির্দেশনা উপযুক্ত নয়, শিক্ষকগণ শিক্ষার্থীর জন্য পরিচিত এবং

ব্যবহারযোগ্য উপকরণ বাড়িতে পাঠাবে বলে প্রত্যাশিত, যেমন স্পর্শযোগ্য কাজের প্যাকেট, ম্যানিপুলেটিভ উপকরণ, বই ইত্যাদি উপকরণগুলো শিক্ষার্থী এবং তাদের প্রযত্ন-প্রদানকারীদের দ্বারা অ-যুগপৎভাবে ব্যবহার করা যেতে পারে। স্কুলগুলির উচিত সম্ভাব্য দূর থেকে শিক্ষানির্দেশনার ধারণা সাপেক্ষে স্কুল বছরের বিভিন্ন সময়ে পর্যায়ক্রমে কর্মকাণ্ড এবং বিভিন্ন সামগ্রী শেয়ার করার বিষয়টি বিবেচনা করা। স্কুলগুলিকে দূর থেকে পাঠ্য উপকরণ তৈরি করতেও উৎসাহিত করা হয় যেগুলিতে থাকবে শিক্ষার্থীদের বাড়িতে লভ্য সাধারণ জিনিসপত্র (উদাহরণ হিসেবে: সেসব জিনিস খুঁজে বের করা যার একই রকম বৈশিষ্ট্য রয়েছে অথবা যেগুলির শুরু একই বর্ণ দিয়ে, দেখায় এবং বলে বাড়ির কোথায় জিনিসগুলি শিক্ষার্থীরা তার বিবরণ দেয় এবং কেন সেগুলি তাদের জন্য গুরুত্বপূর্ণ ইত্যাদি) প্রযোজ্য ক্ষেত্রে, দূর থেকে শিক্ষা-নির্দেশনাকালে ইতোমধ্যে শেখানো দক্ষতার অনুশীলনে/জোরদারকরণে সহায়তা দিতে শিক্ষকগণ ক্লাসরুমের পাঠদান কৌশল এবং উপকরণ ব্যবহার এবং/অথবা 1-1 (একজনের জন্য একজন) প্যারাপ্রফেশনাল নির্ধারণ করে শিক্ষার্থীদের শিক্ষা-নির্দেশনা পেতে সহায়তা করার জন্য 1-1 ভিত্তিতেও কাজ করতে পারেন, যা পূর্ণ-ক্লাসের যুগপৎ শিক্ষা-নির্দেশনা সময়ের বাইরে। পরিবারদের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ প্রযুক্তি বিষয়ে সহায়তা দিতে স্কুলের টেকনোলজি বিষয়ক যোগাযোগের ব্যক্তিগণ পরিবারদের সাথে অব্যাহত যোগাযোগ বজায় রাখবেন।

**একটি বিনামূল্যে এবং যথাযথ গণশিক্ষা ব্যবস্থা অব্যাহত রাখা নিশ্চিতকরণে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থীদেরকে তাদের ইন্ডিভিজ্যুয়ালাইজড় এডুকেশন প্রোগ্রাম (IEP) অনুযায়ী, যথা প্রযোজ্য, স্পেশাল এডুকেশন এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) কীভাবে প্রদান করা হবে, তার একটি বিবরণ।**

কোনো কারণে স্কুল বন্ধ থাকলে, শিক্ষক এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ রিমোটভাবে বা দূর থেকে যুগপৎ শিক্ষা-নির্দেশনার উপর নির্ভর করবেন বলে প্রত্যাশিত। কর্মীগণ DOE-এর আভ্যন্তরীণ ওয়েবসাইটে লভ্য 'লেবার পলিসি গাইডেন্স ফর ডিজিট্যাল ক্লাসরুম 2023-2024 দেখে নিতে পারেন।

শিক্ষার্থীরা যখন বাড়িতে থাকে, তখন IEP-এর সাথে সামঞ্জস্য রেখে তাদের যুগপৎ শিক্ষণ সুযোগ, IEP-অনুসৃত দক্ষতার অনুশীলন এবং কৌশল, এবং শেখার কাজে সম্পৃক্ত রাখার একটি মিশ্র মাধ্যমে দূর থেকে বা রিমোটভাবে পাঠদানকালে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং প্রিস্কুল শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন এবং সম্পর্কিত পরিষেবা প্রদান করা হয়। সম্পর্কিত পরিষেবা প্রদানকারীগণ যতটা সম্ভব দূর থেকে বা রিমোট অধিবেশনের মাধ্যমে শিক্ষার্থীদের সাথে পরিষেবার সময়সূচি বজায় রাখবেন বলে প্রত্যাশিত। কোনো শিক্ষার্থীকে দূর থেকে কোনো সম্পর্কিত পরিষেবা প্রদান করতে প্রতিটি OT, PT এবং স্পিচ পরিষেবা প্রদানকারীকে অবশ্যই প্রতি বছর পিতামাতার সম্মতি নিতে হবে। IEP লক্ষ্যসমূহের প্রতি প্রত্যেকটি দূর থেকে-সম্পর্কিত পরিষেবার অধিবেশনে খেয়াল রাখা হয়। যদি দীর্ঘ সময়ের জন্য রিমোট বা দূর থেকে শিক্ষা-নির্দেশনা দেয়ার প্রয়োজন হয়, তবে পরিবার এবং শিক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ লভ্য থাকেন এবং তাদের সাথে যোগাযোগের সুযোগও থাকে, যা হয়ে থাকে সঙ্গতিপূর্ণভাবে কোনো অনুমোদিত যোগাযোগের প্ল্যাটফর্মে।

**স্কুল ডিস্ট্রিক্টসমূহ যারা ফাউন্ডেশন এইড (নিম্ন আয়/দরিদ্র স্কুল ডিস্ট্রিক্টের আর্থিক সহায়তা) লাভ করে তাদের জন্য, এই চ্যাপ্টারের সেকশন 175.5 অনুযায়ী জরুরি অবস্থার কারণে রিমোট শিক্ষানির্দেশনায় ব্যয়কৃত প্রতিদিনের জন্য যে সংখ্যক শিক্ষানির্দেশনা ঘণ্টা স্কুল ডিস্ট্রিক্টগুলি স্টেট আর্থিক সহায়তার উদ্দেশ্যে দাবি করার ইচ্ছা পোষণ করে।**

রিমোট শিক্ষা-নির্দেশনায় ব্যয়কৃত সময়ের (ঘন্টার) সংখ্যা স্কুলের ভিতরে প্রদত্ত শিক্ষা-নির্দেশনার সময়কেই প্রতিফলিত করে। কিন্ডারগার্টেন এবং এক থেকে ছয় গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পূর্ণ-দিবসের জন্য, DOE প্রতিদিন 5 ঘণ্টা সময় নিতে চায়, 712 গ্রেডের শিক্ষার্থীদের জন্য, DOE প্রতিদিন 5.5 ঘণ্টা নিতে চায়।

নিম্নলিখিত গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ DOE-এর আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক স্কুল সুরক্ষা পরিকল্পনার অংশ।

## গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ:

চ্যান্সেলরের প্রবিধান A-411 আচরণগত সংকট নিরসন/হস্তক্ষেপ এবং যোগাযোগে 911
চ্যান্সেলরের প্রবিধান A-412 স্কুলে নিরাপত্তা
চ্যান্সেলরের প্রবিধান A-413 স্কুলে সেল ফোন এবং অন্য ইলেক্ট্রনিক যন্ত্রপাতি
চ্যান্সেলরের প্রবিধান A-414 সুরক্ষা পরিকল্পনাসমূহ
চ্যান্সেলরের প্রবিধান A-415 ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ইমারজেন্সি নোটিফিকেশন সিস্টেম
চ্যান্সেলরের প্রবিধান A-418 যৌন অপরাধীর নোটিফিকেশন
চ্যান্সেলরের প্রবিধান A-420 শারীরিক শাস্তি
চ্যান্সেলরের প্রবিধান A-421 মৌখিক দুর্ব্যবহার
চ্যান্সেলরের প্রবিধান A-432 সার্চ এবং সিজার
চ্যান্সেলরের প্রবিধান A-443 শিক্ষার্থী শৃঙ্খলা প্রক্রিয়াসমূহ
চ্যান্সেলরের প্রবিধান A-449 সুরক্ষাজনিত বদলি
চ্যান্সেলরের প্রবিধান A-450 অনিচ্ছাকৃত বদলি প্রক্রিয়াসমূহ
চ্যান্সেলরের প্রবিধান A-750 শিশু নিগ্রহ
চ্যান্সেলরের প্রবিধান A-755 আত্মহত্যা প্রতিরোধ/হস্তক্ষেপ
চ্যান্সেলরের প্রবিধান A-830 বেআইনি বৈষম্য/হয়রানির বিরুদ্ধে অভ্যন্তরীণ অভিযোগ দায়ের
চ্যান্সেলরের প্রবিধান A-831 সহপাঠী যৌন হয়রানি
চ্যান্সেলরের প্রবিধান A-832 শিক্ষার্থীর প্রতি শিক্ষার্থীর বৈষম্য-ভিত্তিক হয়রানি, ভীতি-প্রদর্শন, এবং/অথবা বুলিইং
রেসপেক্ট ফর অল ওয়েবপেজ
DOE, NYPD এবং সিটি অভ নিউ ইয়র্কের মাঝে সংশোধিত সমঝোতা চুক্তি
শিক্ষার্থীর শিক্ষণে সহায়তার জন্য সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা (শৃঙ্খলা বিধি K-5)
শিক্ষার্থীর শিক্ষণে সহায়তার জন্য সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা গ্রেড 6-12
পিতামাতাদের অধিকার ও দায়িত্বের সনদ
স্কুল সুরক্ষা এবং জরুরি পরিস্থিতিতে প্রস্তুতি বিষয়ে প্যারেন্ট গাইড  ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার এবং সুরক্ষা নীতি
Social Media Guidelines for Students 12 and Younger
Social Media Guidelines for Students Over 13
ACS - Parent Handbook (nyc.gov)